

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সোসাইটি - পূজা ও সংস্কৃতি'র বার্ষিক সাধারণ সভা ও কার্যকরী পরিষদ
'০৫-'০৬ এর নির্বাচন অনুষ্ঠিত

বিপুল উৎসাহ উদ্দীপনা ও এক আনন্দঘন পরিবেশের মধ্য দিয়ে গত ২৫শে জুন ২০০৫ স্থানীয় সেইন্ট অস্ট্রেলিয়া প্যারিস হলে অনুষ্ঠিত হয়ে গেল বাংলাদেশ সোসাইটি-পূজা ও সংস্কৃতির বার্ষিক সাধারণ সভা ও কার্যকরী পরিষদ ২০০৫-০৬ এর নির্বাচন। সভায় সভাপতির আসন অলংকৃত করেন সংগঠনের সভাপতি ড: নারায়ণ দাস এবং অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনের সহ সাধারণ সম্পাদক শ্রী লিটু পোদ্দার। মধ্যাহ্ন ভোজনের পরপর দুপুর ২টা থেকে শুরু হয়ে রাত ৮টা অবধি এ অনুষ্ঠানে সংগঠনের সদস্য-সদস্যাগন তাঁদের পরিবার পরিজনসহ অংশগ্রহণ করেন।

সভার শুরুতে সংগঠনের সহ সাধারণ সম্পাদক ৬ জন নতুন সদস্য-সদস্যার সাথে সকলের পরিচয় করিয়ে দেন। পরিচয় পর্ব শেষে অনুষ্ঠিত হয় কিছুদিন পূর্বে হয়ে যাওয়া রবীন্দ্র-নজরুল-সুকান্ত জয়ন্তীতে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণী। মন্দির বিষয়ক প্রতিবেদনের পর পরই বিগত কার্যকরী পরিষদের বিস্তারিত কর্মকাণ্ড বর্ণনা করে সহ সাধারণ সম্পাদক শ্রী লিটু পোদ্দার তাঁর দীর্ঘ রিপোর্টে বেশ কিছু গঠনমূলক সুপারিশ পেশ করেন। তাঁর রিপোর্ট ও সুপারিশমালার উপর আলোচনায় বিপুল সংখ্যক সদস্য-সদস্যার অংশগ্রহকে অনুষ্ঠানে এক প্রানবন্ত পরিবেশের সৃষ্টি হয়। সংগঠনের কোষাধ্যক্ষ্য ড: নীলিমা পাল গত আর্থিক বছরের আয় ব্যয়ের উপর রিপোর্ট পেশ করেন। কোষাধ্যক্ষ্যর রিপোর্টের পরপরই মন্দির বিষয়ক, কমিউনিটি স্কুল, সোসাইটির অন্যান্য কর্মকাণ্ডসহ তথ্যবহুল আলোচনায় অংশ নেন সংগঠনের বেশ কিছু সদস্য-সদস্য। সভাপতি ড: নারায়ণ দাস তাঁর লক্ষ অভিজ্ঞতার আলোকে সোসাইটির অতীত, বর্তমান ও ভবিষ্যতের উপর এক বিশ্লেষণধর্মী ও গঠনমূলক বক্তব্য উপস্থাপন করে সকল সদস্য-সদস্যাদেরকে নিঃস্বার্থ ভাবে কাজ করে সংগঠনকে গড়ে তুলতে অনুরোধ করেন।

সাধারণ সভার শেষপর্বে ছিল সর্বাকাঙ্খিত ২০০৫-২০০৬ সালের কার্যকরী পরিষদের নির্বাচন। নির্বাচন কমিশনার ডঃ রেনু বালা দেব-এর সুদক্ষ পরিচালনায় অনুষ্ঠিত নির্বাচনে বর্তমান অর্থবছরের জন্য সভাপতি পদে ড: নারায়ণ দাস এবং সাধারণ সম্পাদক পদে ডঃ স্বপন পাল সহ ১১ সদস্য বিশিষ্ট কার্যকরী পরিষদ গঠিত হয়। নতুন কার্যকরী পরিষদের অন্যান্য সদস্য-সদস্যারা হলেন-

সহ সভাপতি: শ্রী নির্মল চৌধুরী

সহ সাধারণ সম্পাদক: শ্রী অপু সাহা

কোষাধ্যক্ষ: শ্রী সন্দীপ গুহ

সাংস্কৃতিক সম্পাদক: শ্রী লিটু পোদ্দার

জনসংযোগ সম্পাদক: ডাঃ প্রবীর দাস

সদস্য: শ্রীমতি শ্যামলী লোধ

শ্রী আশুতোষ বাড়ৈ

শ্রী হারান সরকার

শ্রী দেবাশীষ দত্ত

নির্বাচন পরিচালনায় নির্বাচন কমিশনার ডঃ রেনু বালা দেবকে সহায়তা করেন শ্রী পরমেশ্বর ভট্টাচার্য ও শ্রী উৎপল সাহা। নির্বাচন শেষে নতুন কার্যকরী পরিষদের পক্ষে নব নির্বাচিত সভাপতি ড. নারায়ণ দাস তাঁর শুভেচ্ছা বক্তব্যে সকলের সহযোগিতা কামনা করেন।